সমকাল

তারিখ ...20 OCT 2015..
পৃষ্ঠা ..7..2... কলাম.... 6

# আজ বিশ্ব পরিসংখ্যান দিবস

■ সমকাল প্রতিবেদক

বিশ্ব পরিসংখ্যান দিবস আজ। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও দিবসটি উদযাপনে বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। দিবসটির এবারের প্রতিপাদ্য 'উন্নত পরিসংখ্যান, উন্নত জীবন'।

জাতিসংঘের সাধারণ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী ২০১০ সাল থেকে প্রতি বছর ২০ অক্টোবর এ দিবস পালিত হয়।

গতকাল সোমবার বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সম্মেলন কক্ষে দিবসটি উদযাপনের বিভিন্ন দিক নিয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে কর্মসূচির বিভিন্ন দিক তুলে ধরেন বিবিএস মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) বাইতুল আমীন ভূঁইয়া। এ সময় সংস্থাটির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, দিবসটি পালনের লক্ষ্যে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বিবিএস এবং বাংলাদেশ পরিসংখ্যান সমিতি সম্মিলিতভাবে র‌্যালি ও সেমিনারের আয়োজন করেছে।

আজ সকাল ৮টা ৪৫ মিনিটে পরিসংখ্যান ভবন থেকে র‌্যালি বের করা হবে। পরে একটি জাতীয় সেমিনার বিবিএস অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। সেমিনারে প্রধান অতিথি থাকবেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল।